

**বিষয় : পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে**

নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তি (রঞ্জীন) বহল প্রচলিত ০৭ (সাত)টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে উভয় সংস্করণের) প্রথম বা শেষ পৃষ্ঠায় আগামী ২৭ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তিগুলোর ০১ (এক) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২  
[www.brta.gov.bd](http://www.brta.gov.bd)




## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট মোটরযান মালিক ও মোটরযান চালকদের অবগত করা যাচ্ছে যে, এসি এবং নন-এসি গণপরিবহন সড়ক, মহাসড়কে চলাচল, ফেরিঘাট পারাপার, রেল ক্রসিং অতিক্রমকালে দুর্ঘটনায় পতিত হলে জীবন রক্ষার জন্য তাৎক্ষণিকভাবে দরজা-জানালা দিয়ে যাত্রীসাধারণ নিরাপদে প্রস্থান/বের হতে বিভিন্ন প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন এবং এতে তাঁদের জীবনহানি হচ্ছে। এ কারণে দুর্ঘটনার সময় জীবন বাঁচানোর লক্ষ্যে এসি গণপরিবহনের ক্ষেত্রে দৃশ্যমান স্থানে জরুরি বহির্গমন (Emergency Exit) লেখা এবং জানালার গ্লাস ভাঙার জন্য এক বা একাধিক উপযুক্ত উপকরণ রাখা প্রয়োজন। নন-এসি গণপরিবহনের জানালায় পর্দা টানানোর জন্য সমান্তরালভাবে সংযোজিত স্টেইনলেস স্টিলের রডের জন্য যাত্রীসাধারণের নিরাপদে বের হওয়া অসম্ভব হয়ে পড়ে। এ লক্ষ্যে নন-এসি গণপরিবহনের জানালার মাঝ বরাবর সমান্তরালভাবে সংযুক্ত স্টেইনলেস স্টিলের রড অপসারণ করা প্রয়োজন। এতে, যেকোনো দুর্ঘটনার সময় সংশ্লিষ্ট গণপরিবহন থেকে তাৎক্ষণিক প্রস্থান/বের হওয়ার সুযোগ পেলে যাত্রীসাধারণের জীবন রক্ষার সম্ভাবনা তৈরি হবে। এমতাবস্থায়, দুর্ঘটনার হাত থেকে যাত্রীসাধারণের জীবন বাঁচানোর লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে উপরে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে মেনে চলার জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ

পরিচালক (এনফোর্সমেন্ট)  
বিআরটিএ সদর কার্যালয়  
বনানী, ঢাকা-১২১২।

  
২৭.০৪.২৬  
মোঃ ফারুক আহমেদ  
উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং)  
ই-মেইল : dde2@brta.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি বিআরটিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।